79

দৈনিক ইত্তেফাক

তারিখ 02 AUG 1989
পৃষ্ঠা 8 কলাম 7

বাংলাদেশ শিক্ষা তথ্য ও পরিসংখ্যান ব্যুরো
ডকুমেন্টেশন কেন্দ্র

(89)

## একবিংশ শতাব্দীর চ্যালেঞ্জ মোকাবিলার জন্য প্রস্তুতি নিতে হইবে

— শিক্ষামন্ত্রী

শিক্ষামন্ত্রী শেখ শহীদুল ইসলাম বলিয়াছেন, শিক্ষাঙ্গনে শিক্ষার সুষ্ঠু ও নির্মল পরিবেশ ছাত্র-ছাত্রীদের প্রকৃত শিক্ষাদানের পূর্বশর্ত। জাতির অগ্রগতি নিশ্চিত করার লক্ষ্যে শিক্ষা প্রতিষ্ঠানসমূহকে প্রকৃত মানুষ গড়ার কারখানায় পরিণত করিতে হইবে।

(১১শ পৃঃ দ্রঃ)

### শিক্ষামন্ত্রী

(শেষ পৃঃ পর)

গতকাল (মঙ্গলবার) মন্ত্রী সৈয়দপুর ক্যান্টনমেন্ট স্কুল ও কলেজ পরিদর্শনকালে ছাত্র-শিক্ষক ও অভিভাবকদের এক সমাবেশে ভাষণ দিতেছিলেন। কলেজের অধ্যক্ষের সভাপতিত্বে অনুষ্ঠিত এই সমাবেশে অন্যান্যের মধ্যে বক্তৃতা করেন নিলফামারী জেলা পরিষদ চেয়ারম্যান এম কে আলম চৌধুরী এম, পি এবং স্থানীয় ব্রিগেড কমাণ্ডার ব্রিগেডিয়ার জেড এ খান।

শিক্ষামন্ত্রী জাপানের দৃষ্টান্ত উল্লেখ করিয়া বলেন, জনসংখ্যাকে জনসম্পদে রূপান্তরিত করিয়া আমাদের দেশকেও উন্নত বিশ্বের সমপর্যায়ে নিয়া আসিতে হইবে। তিনি বিজ্ঞান ও কারিগরি শিক্ষার উপর গুরুত্ব আরোপ করিয়া বলেন, একবিংশ শতাব্দীর চ্যালেঞ্জ মোকাবেলার জন্য আমাদের এখনই প্রস্তুতি গ্রহণ করিতে হইবে। তথ্য বিবরণী।